

India-CARICOM Foreign Ministers' Meeting

September 24, 2022

ভারত-ক্যারিকম (সিএআরআইসিওএম) বিদেশমন্ত্রীদের বৈঠক সেপ্টেম্বর 24, 2022

23শে সেপ্টেম্বর 2022 তারিখে নিউইয়র্কে ইউএনজিএ-র ফাঁকে চতুর্থ ভারত-

ক্যারিকম(সিএআরআইসিওএম) বৈঠক অনুষ্ঠিত হয়েছে। পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী(ইএএম) ডঃ এস.

জয়শংকর এবং বালিজ-এর পররাষ্ট্র বিষয়ক, বৈদেশিক বাণিজ্য এবং অভিবাসন মন্ত্রী মাননীয় ঈমন কার্টনে যুগ্মভাবে বৈঠকের সভাপতিত্ব করেন।

2. 2019 সালের সেপ্টেম্বর মাসে ইউএনজিএ-র ফাঁকে ক্যারিকম দেশগুলির নেতৃবৃন্দের সাথে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ঐতিহাসিক বৈঠককে অনুসরণ করে এই বৈঠকটি অনুষ্ঠিত হয়েছে। বার্বাডোস, ডোমিনিকা, বাহামাস, গ্রেনাডা, গুয়েনা, জামাইকা, সেন্ট কিটস ও নেভিস, সেন্ট ভিনসেন্ট ও দ্য গ্রেনাডাইনস, ত্রিনিদাদ ও টোবাগো, সুরিনাম-এর মাননীয় বিদেশমন্ত্রীগণ বৈঠকে অংশগ্রহণ করেছেন।

3. বৈঠকে উভয়পক্ষ ভারত এবং ক্যারিকম দেশগুলির মধ্যে সহযোগিতার অবিচলিত অগ্রগতিতে খুশি প্রকাশ করেছে। তারা 2019 সালে ক্যারিকম দেশগুলির সাথে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বৈঠকে প্রধানমন্ত্রীর ঘোষণাগুলির বাস্তবায়নের পর্যালোচনাও করেছেন।

4. দুই তরফ, রাজনৈতিক সম্পর্ককে গভীর করা এবং অতিমারি পরবর্তী আর্থিক পুনরুদ্ধারের প্রসঙ্গে বাণিজ্য ও বিনিয়োগ এবং সহযোগিতা বৃদ্ধি করা নিয়ে আলোচনা করেছে। উভয়পক্ষই ক্যারিকম দেশগুলির প্রয়োজনের ভিত্তিতে টেলর মেড এবং বিশেষ প্রশিক্ষণ কোর্স ও বিশেষজ্ঞদের ডেপুটেশন সহ উন্নয়ন অংশীদারিত্ব ও সক্ষমতা বৃদ্ধির বিষয়েও আলোচনা করেছে।

5. কোভিড19 অতিমারির সময়ে অত্যাবশ্যক ওষুধ এবং ভ্যাকসিন সরবরাহের মাধ্যমে ভারতের সংহতি প্রকাশকে ক্যারিকম নেতারা স্বীকৃতি দিয়েছে এবং ধন্যবাদ জ্ঞাপন করেছে। দুই তরফ, স্বাস্থ্য ও ফার্মাসিউটিক্যালস, পরম্পরাগত ওষুধ, আইটি ও আইটিইএস ক্ষমতায়ন, সংস্কৃতি ও ক্রীড়া সহ সম্ভাব্য ক্ষেত্রগুলিতে সহযোগিতা নিয়েও আলোচনা করেছে।

6. আন্তর্জাতিক ফোরামে জারি থাকা সহযোগিতা নিয়ে দুই তরফ তাদের সন্তোষ প্রকাশ করেছে। তারা খাদ্য ও শক্তি সুরক্ষা, জলবায়ু পরিবর্তনে প্রতিরোধ করা পাশাপাশি বিপর্যয় মোকাবিলা ও স্থিতিস্থাপকতার মত বৈশ্বিক বিষয়গুলিতে একসাথে কাজ করতে সম্মত হয়েছে।

7. তারা বিশাল সংখ্যক ও প্রানবন্ত ভারতীয় অনাবাসীদের ভূমিকা ও অবদানের কথা বিশেষভাবে উল্লেখ করেছে যারা ভারত ও ক্যারিবিয়ান অঞ্চলের মধ্যে বন্ধুত্বের সংযোগ হিসেবে কাজ করে চলেছেন। তারা জনগণের সাথে জনগণের যোগাযোগ এবং সাংস্কৃতিক সংযোগকে আরও গভীর করার দিকে একসাথে কাজ করতে সম্মত হয়েছে।

8. চতুর্থ ভারত- ক্যারিকম বিদেশমন্ত্রীদের বৈঠক, দ্বিপাক্ষিক এবং বৈশ্বিক প্রেক্ষিতে উভয়ক্ষেত্রে তাদের সম্পর্ককে গভীর করার জন্য প্রতিশ্রুতিকে বিশেষভাবে উল্লেখ করেছে।

নিউ ইয়র্ক

সেপ্টেম্বর 23, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.